

💵 ইসলামী জ্ঞান: নিত্যদিনের প্রয়োজনে

বিভাগ/অধ্যায়ঃ ইহুদী নাসারাদের অনুসরণ, অনুকরণ রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

গম্বুজ ও মাজার নির্মাণ হারাম হওয়ার প্রমাণে ৬টি সহীহ হাদীস

গমুজ ও মাজার নির্মাণ হারাম হওয়ার প্রমাণে ৬টি সহীহ হাদীস

প্রথম হাদীস: গম্বুজ নির্মাণকারীরা সবচেয়ে নিকৃষ্ট সৃষ্টি:
আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, উম্মে হাবীবা ও উম্মে সালামা রাদ্বিয়াল্লাহু আনহুমা হাবাশায় একটি গির্জা
দেখেছিলেন, সেখানে কিছু ছবি ছিল। তাঁরা সেই ব্যাপারটি নবী ﷺ কলেন। নবী ﷺ বললেন:
"নিশ্চয়ই তাদের মাঝে যখন কোনো নেক লোক মারা যেত, তখন তারা তার কবরের উপর মসজিদ নির্মাণ করত
এবং সেখানে ছবি তৈরি করত। এরা আল্লাহর নিকট কিয়ামতের দিন সবচেয়ে নিকৃষ্ট সৃষ্টি।"

[সহীহ বুখারী: ৪২৭]

দ্বিতীয় হাদীস: মাজারকে মসজিদে পরিণতকারীদের প্রতি আল্লাহর লা'নত:

আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, রসূলুল্লাহ 🎉 তাঁর মৃত্যুর সময় অসুস্থ অবস্থায় বলেছিলেন:

"ইয়াহূদী ও নাছারাদের প্রতি আল্লাহর লা'নত, কারণ তারা তাদের নবীদের কবরকে মসজিদ বানিয়েছিল।" আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন: "এই কারণেই নবী 🎉 এর কবর প্রকাশ্যে করা হয়নি, কারণ আশঙ্কা ছিল এটি যেন মসজিদে পরিণত না হয়।"

[সহীহ বুখারী: ১৩৯০]

তৃতীয় হাদীস: কবরকে মসজিদ বানানোর স্পষ্ট নিষেধ:

জুন্দুব ইবনু আবদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন,

আমি নবী ্রিট্র কে মৃত্যুর পাঁচ দিন আগে বলতে শুনেছি: "জেনে রাখো, তোমাদের পূর্ববর্তী লোকেরা তাদের নবী ও সৎ ব্যক্তিদের কবরকে মসজিদ বানিয়েছিল। তোমরা কবরকে মসজিদে পরিণত করো না। আমি তোমাদেরকে তা থেকে নিষেধ করছি।"

[সহীহ মুসলিম: ৫৩২]

চতুর্থ হাদীস: শাসকের দায়িত্ব — মাজারসমূহ ভেঙে সমান করে ফেলা।

আবু হাইয়্যাজ আল-আসাদী বলেন,

আলী রাদিয়াল্লাহু আনহু আমাকে বললেন, "আমি কি তোমাকে সেই কাজের জন্য প্রেরণ করব না, যেই কাজের জন্য রস্লুল্লাহ ্প্রি আমাকে পাঠিয়েছিলেন?

তা হলো — কোনো মূর্তি দেখলে তা ভেঙে ফেলবে, আর কোনো উঁচু কবর দেখলে তা সমান করে দেবে।"



[সহীহ মুসলিম: ৯৬৯]

পঞ্চম হাদীস: কবরের উপর নির্মাণ করা নিষিদ্ধ:

জাবির রাদ্বিয়াল্লাহু আনহু বলেন,

"রসূলুল্লাহ ্রান্ট্র নিষেধ করেছেন যে, কবর পাকা করা, তার উপর বসা বা তার উপর ভবন নির্মাণ করা।" [সহীহ মুসলিম: ৯৭০]

ষষ্ঠ হাদীস: কবরকে মসজিদ বানানোদের বলা হয়েছে সবচেয়ে নিকৃষ্ট মানুষ:

আবদুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, আমি রসূলুল্লাহ الله ত্রু নকে বলতে শুনেছি: "মানুষের মধ্যে সবচেয়ে নিকৃষ্ট হলো তারা, যাদের উপর কিয়ামত সংঘটিত হবে, এবং যারা কবরকে মসজিদ বানাবে।" [মুসনাদ আহমাদ: ৩৮৪৪]

আমরা আল্লাহর কাছে ক্ষমা ও নিরাপতা চাই।

ফুটনোট

https://www.facebook.com/abubakar.m.zakaria/posts/pfbid02PXuncPiqo7kitTyMWrAL5fQuL GHnz23vbe6afbEB6wr1D4Bsgn6sGiGDC1uByT2Hl

Source — https://www.hadithbd.com/books/link/?id=15168

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন